দৈনিক ইত্তেফাক

১৫৬

তারিখ MAR. 09 2000
পৃষ্ঠা ৪ কলাম ৫

# নির্দিষ্ট তারিখেই পরীক্ষা শুরু করা হউক

জাতীয় বিশ্ববিদ্যালয়কে অভিনন্দন জানাই। সেশনজট নিরসনে বিলম্বে হইলেও জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ যে পদক্ষেপ নিয়াছেন তাহা প্রশংসনীয়। কিন্তু কতিপয় ছাত্র মাষ্টার্স প্রথম পর্ব পরীক্ষা পিছানোর জন্য আন্দোলন শুরু করিয়াছে। যে পরীক্ষা ৯৮ সালের জুন-জুলাইতে অনুষ্ঠিত হওয়ার কথা ছিল সেই পরীক্ষা শুরু হইবে চলতি বৎসরের এপ্রিল মাসের ৮ তারিখ হইতে। ইহাও সম্ভব হইত না যদি সেশন-জট নিরসনে বিশেষ উদ্যোগ গ্রহণ করা না হইত। আমার মত অধিকাংশ ছাত্র-ছাত্রী সেশনজটের নাগপাশ হইতে মুক্তি পাওয়ার জন্য উদগ্রীব। আর তাই কতিপয় ছাত্র-ছাত্রীর আন্দোলনের পরিপ্রেক্ষিতে কিছুতেই পরীক্ষা পিছান ঠিক হইবে না। আমাদের সকলের প্রত্যাশা কর্তৃপক্ষ সেশনজট নিরসনে সিদ্ধান্তে অটল থাকিবেন।

মোহাম্মদ শাহাদাৎ হোসেন,
ঢাকা কলেজ, ঢাকা।